বন অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# ফ্লিপচার্ট

## বিষয়-০২

# সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কাঠামো



## টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্প

SUFAL

THE WORLD BANK
IBRD • IDA | WORLD BANK GROUP

## বিষয় - ২

# সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কাঠামো

## চার্ট-১ ঃ সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কী?

- 'সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা' বা কোলাবরেটিভ ফরেস্ট ম্যানেজমেন্ট বলতে সরকার ও বন নির্ভর জনগোষ্ঠীসহ সংশ্লিষ্ট অন্যান্য পক্ষসমূহ কর্তৃক অংশীদারিত্বমূলক বন ব্যবস্থাপনা ও সংরক্ষণ কৌশলকে বোঝায়
- সহযোগিতামূলক বন ব্যবস্থাপনায় বিটের সীমানার ১-৩ কিলোমিটারের মধ্যে বসবাসকারী জনগোষ্ঠীকে সম্পৃক্ত করা। নির্বাচিত গ্রামগুলোকে বন সংরক্ষণ গ্রাম বা ফরেস্ট কনজারভেশন ভিলেজ (এফসিভি) বলা হয়
- বন নির্ভর জনগোষ্ঠী সংগঠিত হয়ে 'সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটি' বা কোলাবরেটিভ ফরেস্ট ম্যানেজমেন্ট কমিটি (সিএফএমসি) ও ৫টি উপ-কমিটি গঠন করে কার্যক্রম পরিচালনা করা



## চার্ট-২ ঃ প্রকল্পের সুবিধাভোগীগণের অনুসরণীয় মূল নীতিমালা (কোর ভ্যালু) সমূহ

১. সুবিধাভোগীগণ নিজেদের উন্নয়নের জন্য বন ও বন্যপ্রাণী সংরক্ষণে একতাবদ্ধ হয়ে কাজ করবেন

২. নিজেদের সমস্যা নিজেরা সমাধানের চেষ্টা করবেন এবং শুধুমাত্র প্রয়োজনীয় ক্ষেত্রে অন্যের সাহায্য নেবেন

৩. নিজেদের সকল কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবেন

৪. সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সকল সিদ্ধান্ত গ্রহণ করবেন

৫. বন নির্ভর জনগোষ্ঠীর সকলের সমান অধিকার ও সুযোগ-সুবিধা ভোগ করার অধিকার থাকবে

৬. সকল কর্মকান্ডে আত্মমর্যাদা ও সততা বজায় রাখবেন

৭. সাধ্যমত সঞ্চয় করবেন এবং সময়মত ঋণের কিস্তি পরিশোধ করবেন

৮. সর্বসম্মতভাবে গৃহীত পরিকল্পনা অনুসারে নিজের দায়িত্ব সম্পন্ন করবেন

৯. নিজেদের তহবিল ও সম্পদ বিচক্ষণতা ও সততার সাথে ব্যবহারসহ বনের গাছ কর্তন ও বনভূমি দখলে সম্পৃক্ত হবেন না

১০. দুর্যোগকালে নিজে নিরাপদ আশ্রয় গ্রহণ করবেন ও অন্যকে নিরাপদ আশ্রয় গ্রহণে সহায়তা করবেন



## চার্ট-৩ ঃ সহযোগিতামূলক বন ব্যবস্থাপনার ধাপসমূহ

(১) যোগাযোগ, প্রচার, সচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ

(২) বন নির্ভর গ্রাম নির্বাচন

(৩) সুবিধাভোগী পরিবার নির্বাচন

(৪) গ্রামীণ সংগঠন তৈরি

(৫) প্রশিক্ষণ প্রদান (সক্ষমতা ও দক্ষতা উন্নয়ন)

(৬) কার্যক্রম বাস্তবায়ন

- (ক) কমিউনিটি উন্নয়ন
- (খ) জীবিকা উন্নয়ন এবং
- (গ) বন সংরক্ষণ

(৭) সুশাসন ও সামাজিক দায়বদ্ধতা

(৮) পরিবীক্ষণ ও মূল্যায়ন

## চার্ট-৪ ঃ সুফল প্রকল্পে সুবিধাভোগী নির্বাচনের মূল বৈশিষ্ট্যসমূহ

- বনের ওপর নির্ভরশীলতার মাত্রা (পারিবারিক আয় ৫০% এর অধিক বন নির্ভর)
- নিকটবর্তী প্রস্তাবিত বনায়ন/পুনঃবনায়নের স্থান (নিকটবর্তীতা, < ৩ কি.মি.)
- বনায়ন/পুনঃবনায়ন উপযোগী এলাকার আকার (>১০ হেক্টর)
- প্রাকৃতিক বনের কাছাকাছি (< ৩ কি.মি.)
- জলবায়ু পরিবর্তনের বর্তমান এবং সম্ভাব্য প্রভাব (ভূমিক্ষয়/ ভূমিধ্বস, পানি ধারণ ক্ষমতা হ্রাস, জলোচ্ছ্বাসের আশংকা, লবণাক্ততা ইত্যাদি)
- দরিদ্রতার স্তর (ভূমিহীন/কর্মসংস্থান বিহীন/ মাসিক আয় < ৩০০০ টাকা)



# চার্ট-৫ ঃ সহযোগিতামূলক বন ব্যবস্থাপনায় গ্রামীণ সংগঠনসমূহ

(ক) সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটি (CFMC), ৯ সদস্য বিশিষ্ট

(খ) উপ-কমিটিসমূহ

(১) বন নিরাপত্তা ও সংরক্ষণ কমিটি (FPCC): ১৮ জন সদস্য (৯ জন নারী ও ৯ জন পুরুষ)

(২) ঋণ ও সঞ্চয় কমিটি (VCSC): ৬ জন (৩ জন নারী ও ৩ জন পুরুষ)

(৩) সামাজিক নিরীক্ষা কমিটি (SAC): ৪ জন (২ জন নারী ও ২ জন পুরুষ)


(৪) অর্থ ও হিসাব কমিটি (FAC): ৪ জন (২ জন নারী ও ২ জন পুরুষ)

(৫) ক্রয় কমিটি (PC): ৪ জন (২ জন নারী ও ২ জন পুরুষ)

(গ) সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা সমন্বয় কমিটি (CFMCC)



## চার্ট-৬ ঃ সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা (CFM) কাঠামো






## চার্ট-৭ ঃ সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটির (CFMC) কাঠামো

### সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটি (CFMC)

**সভাপতি**
(সুবিধাভোগীদের মধ্য থেকে নির্বাচিত)

↓

**সদস্য-সচিব**
(সংশ্লিষ্ট বিট অফিসার বা বিট অফিসার
কর্তৃক মনোনীত ১ জন কর্মকর্তা/কর্মচারী)

↓

**সদস্য (৫ জন)**
(৫ জন সদস্য ৫টি
সাব-কমিটি থেকে নির্বাচিত)

**সদস্য (২ জন)**
(সামাজিক বনায়ন দল থেকে ১ জন
এবং রক্ষিত এলাকা থেকে ১ জন নির্বাচিত)




## চার্ট-৮ ঃ সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা সমন্বয় কমিটির (CFMCC) কাঠামো

**সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা সমন্বয় কমিটি (সিএফএমসিসি) (৭-৯ জন সদস্য)**

- প্রতিটি সিএফএমসি এর প্রতিনিধি ১ জন
- ইউএনও এর প্রতিনিধি ১ জন
- ইউপি চেয়ারম্যান এর প্রতিনিধি ১ জন (নারী)
- সামাজিক বনায়ন দলের প্রতিনিধি ১ জন এবং রক্ষিত এলাকা সহ-ব্যবস্থাপনা কমিটির প্রতিনিধি ১ জন



# চার্ট-৯ ঃ রক্ষিত এলাকা সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাভূক্ত গ্রাম সংরক্ষণ ফোরামের (VCF-EC) কাঠামো






# চার্ট-১০ ঃ গ্রামীণ সংগঠনসমূহের গঠন, দায়িত্ব ও কার্যাবলী

## (ক) বন সংরক্ষণ গ্রাম

- নির্বাচিত গ্রামের সকল আগ্রহী ব্যক্তি (প্রতি পরিবার থেকে একজন) সমন্বয়ে বন সংরক্ষণ গ্রাম গঠিত হবে এবং সদস্যদের নামসহ তথ্য সদস্য বহিতে লিপিবদ্ধ করা হবে
- বন সংরক্ষণ গ্রামের সভা বছরে অন্তত দু'বার অনুষ্ঠিত হবে
- সভায় সিদ্ধান্ত গ্রহণের জন্য অন্ততঃ ৬০% পরিবারের প্রতিনিধি উপস্থিত থাকতে হবে, যাদের মধ্যে অবশ্যই ৪০% নারী সদস্য হবেন
- বন সংরক্ষণ গ্রামের সভার নির্ধারিত তারিখের অন্ততঃ ১ (এক) সপ্তাহ পূর্বে সকল সদস্যদের অবহিত করতে হবে
- বন সংরক্ষণ গ্রামের সভায় নির্বাচিত উপকারভোগীদের মধ্য হতে সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও ৫ জন সদস্য নির্বাচিত হবেন
- সভায় সভাপতিত্ব করার জন্য উপস্থিত অধিকাংশ সদস্যগণের সম্মতিতে একজন সভাপতি নির্বাচন করা হবে
- সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটি বন সংরক্ষণ গ্রামের সভা আহ্বান ও অনুষ্ঠানের ব্যবস্থা করবে এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সভার কার্যবিবরণী বহিতে লিপিবদ্ধ করবে
- সিআইপি পদ্ধতিতে নির্বাচিত উপকারভোগীদের তালিকা বন সংরক্ষণ গ্রামের সভায় অনুমোদিত হতে হবে
- বন সংরক্ষণ গ্রামের অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যাবলীর মধ্যে বার্ষিক কর্মপরিকল্পনা অনুমোদন, কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, বার্ষিক প্রতিবেদন অনুমোদন ইত্যাদি অন্যতম

## চার্ট-১১ ঃ গ্রামীণ সংগঠনসমূহের গঠন, দায়িত্ব ও কার্যাবলী

### (খ) সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটি

- সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটি ৯ (নয়) সদস্য-বিশিষ্ট হবে
- নির্বাচিত উপকারভোগীদের মধ্য হতে বন সংরক্ষণ গ্রামের সভায় একজন সভাপতি নির্বাচিত হবেন
- পদাধিকারবলে সংশ্লিষ্ট বিট কর্মকর্তা বা তাঁর মনোনীত প্রতিনিধি কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন
- নিকটবর্তী সামাজিক বনায়ন দল হতে একজন এবং রক্ষিত এলাকা হতে একজন প্রতিনিধি কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন। রক্ষিত এলাকা না থাকলে দু'জন প্রতিনিধিই সামাজিক বনায়ন দল হতে অন্তর্ভুক্ত হবেন
- বন সংরক্ষণ গ্রামের সভায় ৫টি উপ-কমিটির জন্য ৫ জন নেতা নির্বাচন করা হবে
- সঞ্চয় ও ঋণ কমিটি এবং অর্থ ও হিসাব কমিটির সাথে পরামর্শক্রমে অভ্যন্তরীণ তহবিল, কমিউনিটি উন্নয়ন তহবিল এবং জীবিকা উন্নয়ন তহবিল ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা ও দিক-নির্দেশনা প্রণয়ন ও অনুমোদন
- কমিডিনিটি উন্নয়ন তহবিলের আওতায় উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি ও বাস্তবায়নের জন্য উপ-প্রকল্প কমিটি গঠন
- সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটি (সিএফএমসি) এর সভাপতি ও সদস্য-সচিব এর যৌথ স্বাক্ষরে একটি ব্যাংক হিসাব থাকবে এবং সকল অনুদান/আয় এ হিসাবে জমা হবে
- বিভাগীয় বন কর্মকর্তার দপ্তর হতে প্রাপ্ত কমিউনিটি উন্নয়ন তহবিল /জীবিকা উন্নয়ন তহবিল সিএফএমসির হিসাবে জমা হবে এবং পরবর্তি ব্যবস্থা গ্রহণের জন্য কমিউনিটি উন্নয়ন তহবিল এফএসি এর ব্যাংক হিসাবে এবং জীবিকা উন্নয়ন তহবিল ভিসিএসসি'র ব্যাংক হিসাবে স্থানান্তর করা হবে

# চার্ট-১২ ঃ গ্রামীণ সংগঠনসমূহের গঠন, দায়িত্ব ও কার্যাবলী (চলমান ...)

## (খ) সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটি

- অর্থ ও হিসাব কমিটি কর্তৃক প্রস্তুতকৃত উপ-প্রকল্প প্রস্তাবনা প্রাক্-যাচাই পূর্বক অনুমোদন এবং সুপারিশসহকারে বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে প্রেরণ
- জীবিকা উন্নয়ন তহবিল হতে ঋণ প্রাপ্তির জন্য বিকল্প আয়বর্ধক কাজের প্রস্তাবনা তৈরিতে সহায়তা প্রদান, প্রাক্-যাচাই পূর্বক অনুমোদন এবং সুপারিশসহকারে বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে প্রেরণ
- কমিউনিটি কমিউনিটি উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত উপ-প্রকল্প এবং জীবিকা উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত বিকল্প আয়বর্ধক কাজের বাস্তবায়ন তদারক করা
- কমিউনিটি উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়িত উপ-প্রকল্প সংক্রান্ত যাবতীয় হিসাব ও রেকর্ডপত্র সংরক্ষণে অর্থ ও হিসাব কমিটিকে সহায়তা করা
- প্রয়োজন অনুসারে বন সংরক্ষণ গ্রাম এবং সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ সভার কার্যবিবরণী বহিতে লিপিবদ্ধ করা ও বাস্তবায়ন করা
- প্রকল্প থেকে আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য বন বিভাগের সাথে চুক্তি সম্পাদন
- কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, আয়-ব্যয় অনুমোদন, উপ-কমিটিগুলোর প্রতিবেদন পর্যালোচনা এবং নতুন সিদ্ধান্ত গ্রহণ
- বন বিভাগকে এসএসপি তৈরি, বনায়নের জন্য স্থান নির্বাচন, প্রজাতি নির্বাচন, বাগান সৃজন ও রক্ষণাবেক্ষণে সহায়তা প্রদান
- বুক কীপার ও কমিউনিটি প্রফেশনাল নিয়োগের জন্য তাদের অভিজ্ঞতা, নিয়োগের মেয়াদ এবং অন্যান্য শর্তাদির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ
- উপ-কমিটিসমুহের কর্ম-পরিকল্পনা অনুমোদন

# চার্ট-১৩ : গ্রামীণ সংগঠনসমূহের গঠন, দায়িত্ব ও কার্যাবলী (চলমান ...)

## (গ) বন নিরাপত্তা ও সংরক্ষণ কমিটি (এফপিসিসি)

- বন নিরাপত্তা ও সংরক্ষণ কমিটি (এফপিসিসি) ১৮ সদস্য বিশিষ্ট হবে
- চরম দরিদ্র ও দরিদ্র পরিবারের বেকার যুবক যুবতী নিয়ে এ বন নিরাপত্তা ও সংরক্ষণ কমিটি গঠন করা হবে। কমিটিতে কমপক্ষে ৫০% মহিলা সদস্য থাকতে হবে। একটি পরিবার থেকে কেবলমাত্র একজন সদস্য এ কমিটিতে অন্তর্ভুক্ত হতে পারবেন
- বনজ সম্পদ ও বন্যপ্রাণী সম্পর্কে সচেতনতা বাড়ানো
- বৃক্ষশূণ্য ও অবক্ষয়িত বন নিয়ে আলোচনা এবং জলবায়ু পরিবর্তনের কারণ ও প্রভাব সম্পর্কে বন নির্ভরশীল জনগোষ্ঠীকে উদ্বুদ্ধ করণ
- সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা, কমিউনিটি পেট্রোলিং, বনের নিরাপত্তা এবং সংরক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ
- বন্যপ্রাণী ও বনজ সম্পদের অবৈধ আহরণ প্রতিরোধের জন্য বন বিভাগের সাথে সরাসরি যোগাযোগ রাখা। এফপিসিসি সদস্যগণ সরাসরি সিএফএমসি-র তত্ত্বাবধানে কাজ করবেন এবং কমিডিনিটি টহল ও প্রহরার কাজটি নির্বাচিত টিম লিডারের অধীনে সংশ্লিষ্ট বিট কর্মকর্তা দ্বারা নির্দেশিত হয়ে করবেন
- বন সংরক্ষণ, বনায়ন কার্যক্রম বাস্তবায়ন, কমিউনিটি পেট্রোলিং এবং আয়বর্ধক কাজের মাধ্যমে জীবন ও জীবিকার উন্নয়নে কাজ করা
- বন সংরক্ষণ কার্যক্রমে স্থানীয় গ্রাম, পাড়া এবং বিট পর্যায়ে সমন্বয় সাধনের মাধ্যমে কাজ করা
- এফপিসিসি সদস্যরা প্রতি সপ্তাহে/পাক্ষিকভাবে একটি নির্দিষ্ট দিনে সুবিধাজনক স্থানে সভায় মিলিত হবেন এবং কোন সমস্যা থাকলে তা আলোচনা করে সমাধান করবেন এবং কর্মপরিকল্পনা তৈরি করবেন
- বন ব্যবস্থাপনা কার্যক্রমের উন্নতির জন্য বন ধ্বংস সম্পর্কিত বিষয়গুলো চিহ্নিত করবেন
- প্রয়োজন মত অন্যান্য কমিটিগুলোকে সহায়তা প্রদান করবেন যাতে তারা তাদের দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদন করতে পারেন
- সদস্যগণ বন ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও সুরক্ষা কার্যক্রম এবং ফলাফল পরিবীক্ষণে অংশগ্রহণ করা
- প্রয়োজনে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করা। অন্যান্য সকলের মত প্রকল্পের 'মূল নীতি' মেনে চলা। নিয়মিত দলীয় সভাগুলোতে অংশগ্রহণ করা
- দলীয় সদস্যদের মধ্য থেকে ১ জন টিম লিডার, ২ জন সহ টিম লিডার এবং ২ জন যোগাযোগকারী নির্বাচন করা হবে

## চার্ট-১৪ ঃ গ্রামীণ সংগঠনসমূহের গঠন, দায়িত্ব ও কার্যাবলী (চলমান ...)

### (ঘ) অর্থ ও হিসাব কমিটি (এফএসি)

- নির্বাচিত সুবিধাভোগীগনের মধ্য থেকে চার (৪) সদস্য বিশিষ্ট (২ জন পুরুষ এবং ২ জন মহিলা) অর্থ ও হিসাব কমিটি গঠন করা হবে যেখানে একজন আহ্বায়ক, একজন সদস্য-সচিব, একজন ক্যাশিয়ার এবং একজন সাধারণ সদস্য থাকবেন
- নিরীক্ষার জন্য সকল হিসাব এবং কাগজপত্রসমূহ সামাজিক নিরীক্ষা কমিটিকে (এসএসি) সরবরাহ করা
- উপ-প্রকল্প সম্পর্কে তথ্য সংগ্রহ এবং বিস্তারিত উপ-প্রকল্প প্রস্তাবনা প্রস্তুতকরণে সহায়তা করা এবং সিএফএমসি থেকে অনুমোদন গ্রহণ করা
- আহ্বায়ক/সদস্য-সচিব এবং ক্যাশিয়ারের যৌথ স্বাক্ষরে একটি ব্যাংক হিসাব খোলা হবে। ব্যাংক হিসাব পরিচালনা করার জন্য দু'জনের স্বাক্ষর বাধ্যতামূলক
- এফএসি বিভাগীয় বন কর্মকর্তার অফিস থেকে প্রাপ্ত সিডিএফ গ্রহণ করা ও উপ-প্রকল্প বাস্তবায়নে ব্যয় করা
- এ কমিটির ক্যাশিয়ার তহবিল ভিত্তিক পৃথক ক্যাশ বুক, লেজার, প্রাপ্তি এবং প্রদান বিবরণী (নগদ প্রবাহ), আয় এবং ব্যয়ের বিবরণী, স্থিতিপত্র, চেক রেজিষ্টার, চেক বই, জমা স্লিপ, ব্যাংক বিবরনী ইত্যাদি সংরক্ষণ করবেন
- সকল ধরনের বিল ভাউচার ক্যাশিয়ার সংরক্ষণ করবেন
- সর্বদা ত্রুটিহীন আর্থিক লেনদেন নিশ্চিত করবেন এবং নিরীক্ষা প্রতিবেদনটি পর্যালোচনা করবেন
- অর্থ ও হিসাব কমিটি উপ-প্রকল্প কমিটির কার্যক্রম তত্ত্বাবধান করবেন
- সবসময় ব্যয় সাশ্রয়ী আর্থিক লেনদেন নিশ্চিত করা
- ১০,০০০ টাকার উপরের যেকোনো ধরণের লেনদেন ব্যাংক আকাউন্টের মাধ্যমে সম্পন্ন করা
- সিএফএমসি-র একজন সদস্য ছাড়া কমিটির সদস্যরা অন্য কমিটিতে জড়িত থাকতে পারবেন না

# চার্ট-১৫ : গ্রামীণ সংগঠনসমূহের গঠন, দায়িত্ব ও কার্যাবলী (চলমান ...)

## (ঙ) ঋণ ও সঞ্চয় কমিটি (ভিসিএসসি)

- ঋণ ও সঞ্চয় কমিটির (ভিসিএসসি) সদস্যগণ সিআইপি প্রক্রিয়ায় নির্বাচিত উপকারভোগী পরিবারের সদস্যদের মধ্য থেকে নির্বাচিত হবেন
- ভিসিএসসি কমিটি ৬ সদস্য বিশিষ্ট হবে (৩জন পুরুষ ও ৩ জন মহিলা)
- সদস্যদের মধ্য থেকে একজন আহ্বায়ক, একজন সেক্রেটারি এবং একজন কোষাধ্যক্ষ (নারী সদস্য) এবং অন্যান্য দায়িত্ব পালন করার জন্য তিনজন সদস্য থাকবেন
- সঞ্চয় উত্তোলন, ঋণ কাজে সহায়তা প্রদান করার জন্য কমিটির ক্যাশিয়ার গ্রাম/মৌজা/পাড়ায় প্রতিনিধি হিসাবে দায়িত্ব পালন করবেন
- ৩ সদস্য-বিশিষ্ট (আহ্বায়ক/সদস্য-সচিব, ক্যাশিয়ার এবং অন্য একজন সাধারণ সদস্য) একটি সঞ্চয় সংগ্রহ, ঋণ উত্তোলন এবং ঋণ বিতরণ সাব-কমিটি গঠন
- ঘূর্ণায়মান (রিভলভিং) জীবিকা উন্নয়ন তহবিল থেকে ঋণ প্রদান
- ঘূর্ণায়মান (রিভলভিং) তহবিল ঋণের জন্য আবেদনকারী সদস্যদের প্রস্তাবসমূহ যথাযথভাবে মূল্যায়ন
- এফপিসিসি, পিসি, এসএসি এবং এফএসি এর সহায়তায় ঘূর্ণায়মান তহবিল ঋণের কিস্তি সংগ্রহ
- দলীয় সঞ্চয় জমা এবং বন বিভাগ থেকে জীবিকা উন্নয়ন তহবিলের টাকা গ্রহণ করার জন্য কমিটির নামে দু'টি ব্যাংক হিসাব খুলতে হবে। আহ্বায়ক/সদস্য-সচিব (যে কোন ১ জন) এবং কোষাধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে এবং ক্যাশিয়ারের স্বাক্ষর বাধ্যতামূলক হবে

# চার্ট-১৬ : গ্রামীণ সংগঠনসমূহের গঠন, দায়িত্ব ও কার্যাবলী (চলমান ...)

## (ঙ) ঋণ ও সঞ্চয় কমিটি (ভিসিএসসি)

- প্রয়োজন অনুযায়ী কমিটির সভা আহবান করতে হবে। প্রতি মাসে অন্তত একটি সভায় সঞ্চয়, ঋণ কার্যক্রম ও জীবিকা উন্নয়ন তহবিল সংক্রান্ত আলোচনা করা
- সকল অ্যাকাউন্ট, পাশবুক এবং সভার কার্যবিবরণীর রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ
- তহবিল ভিত্তিক পাশ বই, লেজার বই, মাসিক প্রাপ্তি ও প্রদানের বিবরণী (নগদ প্রবাহ), আয় এবং ব্যয়ের বিবরণী, স্থিতিপত্র, চেক রেজিষ্টার, চেক বই, জমা স্লিপ, ব্যাংক বিবরণী ইত্যাদি ক্যাশিয়ার কর্তৃক যথাযথভাবে প্রস্তুত, রক্ষণাবেক্ষণ এবং হেফাজত করা
- সদস্যগণকে আয় বর্ধক কার্যক্রম শুরুর জন্য ঋণ গ্রহণের প্রস্তাব প্রস্তুতকরণে সহায়তা প্রদান
- জীবিকা উন্নয়ন সহায়তার প্রয়োজন চিহ্নিতকরণ (প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন, সম্পদ ব্যবস্থাপনা এবং অর্থ সংস্থান ইত্যাদি)
- ব্যাংক থেকে টাকা উত্তোলন এবং সদস্যদের মধ্যে সঠিকভাবে বিতরণ
- বিভিন্ন কমিটিকে সঞ্চয় এবং অর্থ ব্যবস্থাপনায় সহায়তা প্রদান
- মাসিক, ত্রৈমাসিক, অর্ধ-বার্ষিক এবং বার্ষিক হিসাব সংক্রান্ত তথ্য প্রদান
- ঋণ আদায় এবং বিতরণ সংক্রান্ত তথ্য সংরক্ষণ, ঋণ কার্যক্রমের উপর মাসিক প্রতিবেদন সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটিকে (সিএফএমসি) প্রদান

# চার্ট-১৭ ঃ গ্রামীণ সংগঠনসমূহের গঠন, দায়িত্ব ও কার্যাবলী (চলমান ...)

## (চ) সামাজিক নিরীক্ষা কমিটি (এসএসি)

- সোশ্যাল অডিট কমিটি (এসএসি) ৪ সদস্য বিশিষ্ট (২ জন পুরুষ এবং ২ জন মহিলা) হবে। কমিটির ১ জন আহ্বায়ক থাকবেন; অন্ততপক্ষে দু'জন সদস্যকে হিসাব ও ক্রয় সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞ হতে হবে
- সোশ্যাল অডিট কমিটির (এসএসি) সদস্যগণ সহযোগিতামূলক বন ব্যবস্থাপনা কমিটির (সিএফএমসি) বা অন্য কোন কমিটির নেতৃত্বে (আহবায়ক কোষাধ্যক্ষ) থাকতে পারবেন না
- এসএসি সদস্যদের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে ভাল জ্ঞান থাকা উচিত যেমন ক্রয় প্রক্রিয়া, আর্থিক চুক্তি, উপ-প্রকল্প কার্যক্রম, বিভিন্ন কমিটি কর্তৃক পরিচালিত প্রকল্প সভা ইত্যাদি
- সদস্যগণ তাদের সততা এবং সাধুতার জন্য কমিউনিটিতে সুপরিচিত হবেন। ঐ ব্যক্তিগণ গ্রামের কোন গোষ্ঠীর পক্ষের হবেন না
- এফপিসিসি, ভিসিএসসি, এফএসি এবং অন্যান্য কমিটির কর্মকান্ড সর্বসম্মত ১০টি নীতিমালা (কোর ভ্যালু) এবং কম নির্দেশাবলী মেনে যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে কি না তা পরিবীক্ষণ ও নিরীক্ষা করা
- ভিসিএসসি, এফএসি এবং অন্যান্য কমিটির নথি এবং রেকর্ড যাচাই এবং সুপারিশসহ পর্যবেক্ষণ প্রতিবেদন সিএফএমসি-র সভায় পেশ করা

## চার্ট-১৮ ঃ গ্রামীণ সংগঠনসমূহের গঠন, দায়িত্ব ও কার্যাবলী (চলমান ...)

### (চ) সামাজিক নিরীক্ষা কমিটি (এসএসি)

- এসএসি কোনও গড়মিল খুঁজে পেলে তা পরবর্তী এসএসি সভায় আলোচনা করে সমস্যাটি উদঘাটন পূর্বক প্রতিবেদন তৈরি করবে এবং পরবর্তী পদক্ষেপের জন্য সিএফএমসিতে দাখিল করবে
- সকল ঋণ আবেদন যাচাই করা এবং ঋণ রেজিষ্টার ও পাশবই পুনঃযাচাই করা
- ভিসিএসসি-র নথিগুলি ব্যাংক বিবরণীর সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা এবং বিভিন্ন উপ-প্রকল্পের খরচের সমর্থনে সঠিক বিল-ভাউচার দাখিল করা হয়েছে কিনা তা যাচাই করা
- ইতোমধ্যে সমাপ্ত কর্মকান্ডের অর্জন/ল্যান্ডমার্ক যাচাই করে কমিউনিটি উন্নয়ন তহবিল (সিডিএফ) ও জীবিকা উন্নয়ন তহবিলের (এলডিএফ) প্রতিটি কিস্তির জন্য আবেদনের ওপর সুপারিশ করা
- গ্রুপের সঞ্চয়, আদায় এবং ব্যাংকে জমা কার্যক্রম যাচাই করা
- অনাদায়ী ঋণ এবং কারণগুলো যাচাই করা। যেকোনো আর্থিক দুর্নীতি এবং যেকোনো ধরণের জালিয়াতির ক্ষেত্রে কমিটি আইনী পদক্ষেপ গ্রহণের জন্য সিএফএমসি এবং সিএফএমসিসিকে পরামর্শ দেয়া
- সিএফএমসি-র প্রয়োজনে অভিযোগ, দ্বন্দ্ব এবং অন্যান্য বিষয় সম্পর্কে আরো বিস্তারিত তথ্য সংগ্রহ করা
- সকল ক্রয় কার্যক্রম ও খরচাদি পুঙ্খানুপুঙ্খ তদন্ত করা

# চার্ট-১৯ ঃ গ্রামীণ সংগঠনসমূহের গঠন, দায়িত্ব ও কার্যাবলী (চলমান ...)

## (ছ) ক্রয় কমিটি (পিসি)

সুবিধাভোগীদের মধ্য থেকে ৪ জন সদস্য ( ২ জন পুরুষ ও ২ জন মহিলা) নিয়ে এ কমিটি গঠন করা হবে যেখানে একজন আহ্বায়ক এবং অন্যরা সাধারণ সদস্য হিসাবে থাকবেন

২৫,০০০ টাকার উপরের যে কোনও প্রকারের কেনাকাটা ক্রয় কমিটির মাধ্যমে করতে হবে

৫ লক্ষ টাকা পর্যন্ত কেনাকাটা কোটেশনের মাধ্যমে করতে হবে

৫ লক্ষ টাকার উপরে ক্রয়ের ক্ষেত্রে পত্র-পত্রিকা, ম্যাগাজিন, ইন্টারনেট ইত্যাদিতে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে দরপত্র আহ্বান করতে হবে। এ নোটিশটি সাধারণ জায়গা, জেলা অফিস ইত্যাদিতে প্রদর্শিত হতে হবে

ক্রয় কমিটির কমপক্ষে ৫০% সদস্যকে কেনাকাটার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের সময় উপস্থিত থাকতে হবে

ক্রয় কমিটি কোনও বিশেষ ক্রয়ের সময় কোনও বিশেষজ্ঞ ব্যক্তির কাছ থেকে প্রযুক্তিগত সহায়তা নিতে পারবে

# চার্ট-২০ ঃ কমিটির সদস্যদের মেয়াদ

প্রথম কমিটি/গ্রাম প্রতিষ্ঠান (ভিসিএসসি, এফপিসিসি, এসএসি, এফএসি, পিসি ইত্যাদি) দু'বছর মেয়াদে গঠিত হবে এবং তারপর প্রতি দু'বছর পর এটি পুনর্গঠন করা হবে

প্রতি মেয়াদ শেষে, অন্যান্য সম্ভাব্য সদস্যকে কমিটির সদস্য হতে সুযোগ দেয়া হবে, কিন্তু কোন সদস্য পরপর দুই মেয়াদে গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত হতে পারবেন না

সিএফএমসি স্বচ্ছ ও সুষ্ঠু নির্বাচনের জন্য সমস্ত পদক্ষেপ ও ব্যবস্থা অনুমোদন ও আয়োজন করবে

দায়িত্বপ্রাপ্ত এনজিও সিএফএমসি এবং অন্যান্য কমিটি গঠনের প্রক্রিয়ায় সহায়কের ভূমিকা পালন করবে